

কেউ যদি বাজায় মৃদঙ্গ

আস্ত ছায়ায় বসে আছো তুমি
 যেন বৃষ্টির সব দায় আজ তোমারই একার
 মেঘের গায়ে চাঁদ চাঁদের গায়ে
 লাট খাওয়া আলোর অহেতুক রোশনাই
 দুহাত ছড়িয়ে যে মেয়ে বারবার বলে গেছে
 ঘুমের চৌকাঠে সে দেখেছে অবিরাম জলের ছোট বড় রঙ
 কোথায় সেই নিমাইচাঁদ আর মধ্যরাতের মাতালের সেই বাজানো সানাই
 একটা আনন্দের দরোজা খুলে আরও একটা খুশিয়াল চেনা জলছাদ

ছায়া ঠেলতে ঠেলতে তোমারও ছায়ায় আজ নদীর হয় হয় হাওয়া
 মনের কথা যদি বলো মনও তো বরাবর সেই গাছেরই ছায়ায়
 এখন উথাল পাথাল শব্দ শুনে যদি কেউ যায় কোনো আমের বাগানে
 দুপুরের আড়মোড়া ভেঙে আমপাতা জোড়া জোড়া সম্পর্কের হিসেবী দাওয়ায়
 ভালো মন্দ মেয়েদের নানা উপাখ্যান সে সবই তো রগড়েরই কথা
 কে না জানে তাপ বিনিময়ের খেলায় কেউ যদি বাজায় মৃদঙ্গ
 তোমাকে তুলতেই হবে দোতারায় সুর

কাজল সেন

